68

দৈনিক সংবাদ

তারিখ 12 JUN 1998
পৃষ্ঠা 2 কলাম ৫

ঢাকা বিশ্ববিদ্যালয়

# বেতন ও ভর্তি ফি বাড়ানোর প্রতিবাদে ভিসির অফিস ঘেরাও

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র বেতন ও ভর্তি ফি বাড়ানোর প্রতিবাদে এবং বিশ্ববিদ্যালয়ের আসন্ন বাজেটে ছাত্রবৃত্তির সংখ্যা ও অর্থের পরিমাণ বাড়ানোর দাবিতে বিভিন্ন ছাত্র সংগঠন গতকাল বৃহস্পতিবার ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল এবং ভিসির কার্যালয় ঘেরাও করে।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার একটি মিছিল মধুর কেন্টিন থেকে বের হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে এবং ভিসির কার্যালয় ঘেরাও করে। শরীফুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন কল্যাণ কল্লোল, বিপ্লব ঠাকুর, নজরুল ইসলাম ও মুশফিকুর রহমান টুকু।

বাংলাদেশ ছাত্র ফেডারেশন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার প্রতিবাদ সমাবেশে সভাপতিত্ব করেন তাসলিমা আখতার। বক্তব্য রাখেন ইয়াসিন মুকুল ও আবেদা গুলরুখ।

উল্লেখ্য, ১৯৯৭-৯৮ শিক্ষা বছরে পূর্ববর্তী সেশনের তুলনায় বিজ্ঞান, কলা ও বাণিজ্য অনুষদে যথাক্রমে ১২শ' ৫০ টাকা। ১২শ' ৬৪ টাকা এবং ১১শ' ৬৪ টাকা বাড়ানোহয়েছে।